

সারাদেশ

নিখোঁজের ৬ দিন পর দোকান থেকে ব্যবসায়ীর ঝুলন্ত মরদেহ উদ্ধার

প্রতিবেদক: কুষ্টিয়া প্রতিনিধি

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



কুষ্টিয়া প্রতিনিধি

কুষ্টিয়ার কুমারখালী উপজেলার পান্টি বাজারে একটি বন্ধ দোকান ঘর থেকে হাবিবুল্লাহ (৩৮) নামের এক আদম ব্যবসায়ীর অর্ধগলিত ঝুলন্ত মরদেহ উদ্ধার করেছে পুলিশ।

শনিবার (১ আগস্ট) সকাল ৯টার দিকে হাবিবুল্লাহ স্টিল ফার্নিচার নামের দোকানটি থেকে মরদেহটি উদ্ধার করা হয়।

নিহত হাবিবুল্লাহ উপজেলার পান্টি গ্রামের হামিদ মুসল্লির ছেলে। তিনি দীর্ঘদিন সিঙ্গাপুরে ছিলেন। পরবর্তীতে দেশে ফিরে স্টিল ফার্নিচার ব্যবসার আড়ালে আদম ব্যবসার সাথে জড়িয়ে পড়েন। আদম ব্যবসাকে (বিদেশে জনবল পাঠানোর ব্যবসা) কেন্দ্র করে তার বিরুদ্ধে কয়েকটি মামলাও বিচারাধীন রয়েছে।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, গত সোমবার (২৭ জুলাই) রাত থেকে তিনি নিখোঁজ ছিলেন। নিখোঁজ থাকলেও তার ব্যবহৃত মোবাইল ফোনটি সচল ছিল। নিহতের স্ত্রী ও একমাত্র সন্তান বেশ কিছুদিন ধরে বিনাইদহে বাবার বাড়িতে অবস্থান করছেন।


ঘটনার দিন সকালে দোকান থেকে তীব্র দুর্গন্ধ ছড়ালে স্থানীয়দের সন্দেহ হয়। পরে তারা বিষয়টি পুলিশকে অবহিত করেন। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে দোকানের বাঁশের আড়ার সাথে ঝুলন্ত অবস্থায় তার পচনশীল ও অর্ধগলিত মরদেহ উদ্ধার করে।

এ বিষয়ে কুমারখালী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জামাল উদ্দিন জানান, খবর পেয়ে পুলিশ ঝুলন্ত অবস্থায় পচনশীল মরদেহটি উদ্ধার করেছে। প্রাথমিকভাবে এটি আত্মহত্যা বলে ধারণা করা হলেও মৃত্যুর সঠিক কারণ নিশ্চিত করতে লাশ ময়নাতদন্তের জন্য মর্গে পাঠানো হয়েছে। ময়নাতদন্তের প্রতিবেদন হাতে পাওয়ার পর পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

এ বিভাগের আরও খবর



ভুল্লীতে আগুনে একই পরিবারের চার ঘর পুড়ে ছাই
ঠাকুরগাঁওয়ের ভুল্লী উপজেলার বানিয়া ইউনিয়নের কুমারপুর ফরেস্টের ডাংগাপাড়ায় অগ্নিকাণ্ডে একই পরিবারের চারটি ঘর পুড়ে গেছে। আজ সোমবার সকাল সাড়ে আট....



তজুমদ্দিনে মুক্তিযোদ্ধা কার্ড দেওয়ার কথা বলে পরিবারপ্রতি ৩ লাখ টাকা নেওয়ার অভিযোগ
ভোলায় তজুমদ্দিনে ভূয়া মুক্তিযোদ্ধা কার্ড তৈরি করে দেওয়ার কথা বলে কয়েকটি পরিবারের কাছ থেকে টাকা নেওয়ার অভিযোগ উঠেছে। পরিবারপ্রতি প্রায় ৩ লাখ....



টেকসই উন্নয়নে গ্রামের উন্নয়ন জরুরি, সরাইলে জেলা পরিষদ প্রশাসক
গ্রামীণ প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়ন ছাড়া শহরের টেকসই উন্নয়ন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের
প্রশাসক ও জেলা বিএনপির সা...



পিরোজপুরে ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠিত
বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পিরোজপুরে [ইমাম-ওলামা মশারুফ সম্মেলন ও দেয়া
অনুষ্ঠান] অনুষ্ঠিত হয়েছে। শনিবার...